

## ■■ জাদুকর্ম, জ্যোতিষ ও দৈবকর্ম এবং এতদসংক্রান্ত অন্যান্য বিষয় সম্পর্কে ইসলামের বিধান

বিভাগ/অধ্যায়ঃ জাদুকর্ম, জ্যোতিষ ও দৈবকর্ম এবং এতদসংক্রান্ত অন্যান্য বিষয় সম্পর্কে ইসলামের বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

জাদুকর্ম, জ্যোতিষ ও দৈবকর্ম এবং এতদসংক্রান্ত অন্যান্য বিষয় সম্পর্কে ইসলামের বিধান - ২

জাদু বিদ্যা হারাম ও কুফুরী। যেমন, আল্লাহ তা'আলা সূরা আল-বাকারায় হারুত-মারুত নামক দুই ফিরিশতার ব্যাপারে বলেছেন :

"তারা উভয়ই একথা না বলে কাউকে শিক্ষা দিত না যে, আমরা নিছক একটি পরীক্ষা মাত্র; কাজেই তুমি কুফুরী করো না। তা সত্ত্বেও তারা ফিরিশতাদ্বয়ের কাছ থেকে এমন জাদু শিখত, যদ্বারা স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছেদ ঘটানো যায়। অথচ তারা আল্লাহর আদেশ ছাড়া তদ্বারা কারো অনিষ্ট করতে পারত না। এতদসত্ত্বেও তারা তা-ই শিখত যা তাদের ক্ষতি করত এবং কোনো উপকারে আসতো না। তারা ভালোভাবে জানে যে, যে কেউ তা খরিদ করে (অর্থাৎ জাদুর আশ্রয় নেয়) তার জন্য আখিরাতে কোনো অংশ নেই। যার বিনিময়ে তারা নিজেদের বিকিয়ে দিচ্ছে তা খুবই মন্দ যদি তারা জানত! [সুরা আল-বাকারা, আয়াত: ১০২]

এ আয়াত দ্বারা বুঝা যায় যে, জাদু বিদ্যা কুফুরী এবং জাদুকররা স্বামী-স্ত্রীর মধ্যে বিচ্ছেদ সৃষ্টি করে। আয়াতটি দ্বারা আরও প্রমাণিত যে, যে জাদু ভাল-মন্দের আসল কার্যকারণ নয়, বরং আল্লাহর পূর্বনির্ধারিত জাগতিক নিয়ম ও নির্দেশেই মূলত তা প্রভাব বিস্তার করে থাকে। কেননা আল্লাহ তা'আলাই ভালো ও মন্দ সৃষ্টি করেন। এ সমস্ত মিথ্যা অপবাদ আরোপকারী ব্যক্তিগণ যারা মুশরিকদের থেকে এ ধরনের জ্ঞান অর্জন করেছে এবং এর মাধ্যমে দুর্বল-চিত্তের লোকদের উপর বিভ্রান্তির প্রহেলিকা সৃষ্টি করেছে- তাদের দ্বারা সাধিত ক্ষতি ইতিমধ্যেই বিশাল আকার ধারণ করেছে। অথচ স্মরণ রাখা দরকার আমরা তো আল্লাহরই জন্য এবং আল্লাহর দিকেই আমাদের ফিরে যেতে হবে। তিনিই তো আমাদের জন্য যথেষ্ট এবং উত্তম তত্ত্বাবধায়ক।

অনুরূপভাবে আয়াতে কারীমাতে এদিকেও ইঙ্গিত রয়েছে যে, যারা জাদু শিখে তারা মূলত এমন বিদ্যাই শিখে যা তাদের ক্ষতি করে এবং কোনো উপকারে আসে না, আর আল্লাহর কাছে তাদের কিছুই পাওয়ার নেই। এটা অত্যন্ত বড় সতর্কবাণী, যা দুনিয়া ও আখিরাতে তাদের ভীষণভাবে ক্ষতিগ্রন্ত হবার ইঙ্গিতই বহন করছে আর এও বুঝা যাচ্ছে যে, তারা অত্যন্ত নগণ্য মূল্যে নিজেদেরকে বিকিয়ে দিয়েছে তাই আল্লাহ তা আলা এব্যাপারে তাদের নিন্দা করেছেন। তিনি বলেছেন,

﴿ وَلَبِئاسَ مَا شَرَوااً بِهِ ؟ أَنفُسَهُم اللهُ لُوا كَانُواْ يَعَالَمُونَ ﴾ [البقرة: ١٠٢]



"যার বিনিময়ে তারা নিজেদের বিকিয়ে দিচ্ছে তা খুবই মন্দ যদি তারা জানত!" [সূরা আল-বাকারা, আয়াত: ১০২] জাদুকর, গণক এবং সকল প্রকার ভোজবাজীকর ও ভেল্কিবাজদের অমঙ্গল থেকে আমরা আল্লাহর কাছে নিরাপত্তা কামনা করি। আমরা তাঁর কাছে এও কামনা করি যে, তিনি যেন এসব লোকের ক্ষতি থেকে মুসলিমদেরকে রক্ষা করেন এবং এসব লোক সম্পর্কে সতর্ক করা ও তাদের ব্যাপারে আল্লাহর হুকুম কার্যকর করার জন্য মুসলিম শাসকদের তাওফীক দান করেন। যাতে তাদের ক্ষতি ও নিকৃষ্ট কাজ হতে আল্লাহর বান্দাগণ স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারে। নিশ্চয় তিনি দানশীল মহান।

আল্লাহ তাঁর বান্দাদের প্রতি স্বীয় রহমাত ও অনুগ্রহস্বরূপ এবং তাঁর নিয়ামতের পূর্ণতা সাধনকল্পে তাদের জন্য এমন সব ব্যবস্থা নির্ধারণ করে দিয়েছেন যদ্বারা জাদুকর্ম সংঘটিত হওয়ার পূর্বে এর অমঙ্গল থেকে তারা রক্ষা পেতে পারে এবং এমন পদ্ধতি ও তাদের জন্য বর্ণনা করে দিয়েছেন যাতে জাদুকর্ম সংঘটিত হওয়ার পর তারা এর চিকিৎসা করতে পারে।

যা দ্বারা জাদু সংঘটিত হওয়ার পূর্বে এর বিপদ থেকে রক্ষা পাওয়া যায় এবং শরী আতে বৈধ এমন যে সব বস্তু দ্বারা জাদু সংঘটিত হওয়ার পর এর চিকিৎসা করা যায়-সে সব কিছু নিচে বর্ণনা করা হলো।

যে সব বস্তু দ্বারা জাদু সংঘটিত হওয়ার পূর্বেই জাদুর ক্ষতি থেকে রক্ষা পাওয়া যায় তন্মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও উপকারী হল শরী'আত সম্মত যিকির-আযকার এবং হাদিসে বর্ণিত যাবতীয় দো'আসমূহ। আর এসবের মধ্যে রয়েছে প্রত্যেক ফর্য নামাযের সালাম ফিরিয়ে শরী'আত অনুমোদিত যিকির-আযকার পাঠের পর এবং নিদ্রা যাওয়ার সময় আয়াতুল কুরসী পড়া। আয়াতুল কুরসী কুরআন কারীমের সবচেয়ে মর্যাদাসম্পন্ন আয়াত। আয়াতটি নীচে দেওয়া হলো:

﴿ ٱللَّهُ لَا إِلّٰهَ إِلَّا هُوَ ٱلدَّحَيُّ ٱلدَّقَيُّومُ ۚ لَا تَأْكَخُذُهُ ۚ سِنَة ال وَلَا نَواهُ مِلَا اللهُ اللهُ اللهُ أَلهُ السَّمَٰوَٰتِ وَمَا فِي ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِي ٱلسَّمَٰوَٰتِ بِشَياءٍ مِّن اللهِ مَن ذَا ٱلَّذِي يَشافَعُ عِندَهُ ۚ إِلَّا بِإِنانِهِ ١٤ يَعالَمُ مَا بَيانَ أَيادِيهِم اللهِ مَا خَلافَهُم اللهُ وَلَا يُحِيطُونَ بِشَياءٍ مِّن اللهَ عَلاَمِهِ اللهَ عَلاَمُهُ السَّمَٰوَٰتِ وَٱلداً أَراضَ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ مَا اللهُ ال

"আল্লাহ ছাড়া অন্য কোনো হক মাবুদ নেই, তিনি জীবিত, সবার তত্ত্বাবধায়ক। তাঁকে তন্দ্রাও স্পর্শ করতে পারে না এবং নিদ্রাও নয়। আসমান ও জমিনে যা কিছু রয়েছে সবই তাঁর। কে আছে এমন যে সুপারিশ করবে তাঁর কাছে তাঁর অনুমতি ছাড়া? তাদের সামনে ও পেছনে যা কিছু রয়েছে সবই তিনি জানেন। তাঁর জ্ঞাত বিষয় হতে কোনো কিছুকেই তারা আয়ন্তাধীন করতে পারে না। কিন্তু কোনো বিষয় যদি তিনি নিজেই জানাতে চান, তবে অন্য কথা। তাঁর কুরসী সমস্ত আসমান ও জমিনকে পরিবেষ্টিত করে আছে। আর এগুলোর রক্ষণাবেক্ষণ তাঁর জন্য কষ্ট সাধ্য নয়। তিনি উচ্চ মর্যাদাসম্পন্ন এবং মহান।" [সূরা আল-বাকারা, আয়াত: ২৫৫]

এসব যিকির ও দো'আর মধ্যে আরও রয়েছে প্রত্যেক ফরয সালাতের পর على أعوذ برب الناس এই সূরাগুলো ফজরের পর দিবসের প্রথম ভাগে ও মাগরিবের পর রাত্রির শুরুতে এবং ঘুমের সময় তিনবার করে পড়া। এছাড়া রাত্রির প্রথমভাগে সূরা আল-বাকারা-এর নিম্নলিখিত শেষ দুই আয়াত পড়া। আয়াতদ্বয় হলো:

﴿ ءَا مَنَ ٱلرَّسُولُ بِمَآ أُنزِلَ إِلَياهِ مِن رَّبِّهِ ٤ وَٱلاَمُؤا مِنُونَ الكُّو اللَّهِ وَمَلَّئِكَتِهِ ٤ وَكُتُبِهِ ٩ وَرُسُلِهِ ٩ لَا نُفَرِّقُ



মূল্য বৈ কুঁয় দুল্ল তুরী চি কুর্ল্য তুরী চি কুর্ল্য বিশ্বার্য কর্ল্য বুলি নুন্ন কুল্য বুলি ক্রিল্য করার শক্তি আমাদের করি আমাদের পাপ মোচন কর। আমাদেরকে ক্রান্য কর। আমাদের প্রত্বিল্য বুলিক আমাদের প্রত্বাং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে ক্রান্য কর। আনাদের প্রত্বাং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর। আললবারার, আয়াত: ২৮৫-২৮৬]

Source — https://www.hadithbd.com/books/link/?id=9926

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন